

## 105360 - ফ্রোজেন অবস্থায় মৃতব্যক্তিকে গোসল দেয়া হয়েছে; এই গোসল কি যথেষ্ট হবে?

### প্রশ্ন

জনৈক ব্যক্তি হাসপাতালে মারা গেছেন এবং তাকে তিনদিন ফ্রিজে রাখা হয়েছে; যাতে করে দাফনের প্রক্রিয়াগুলো সম্পন্ন হয়। তাকে যখন ফ্রিজ থেকে বের করা হয় তখন তিনি ফ্রোজেন হয়ে গেছেন। গোসল দানকারী ব্যক্তি তাকে ঐ অবস্থাতেই গোসল দিয়েছেন। এতে করে তাকে বসানো ও নাড়ানো সম্ভবপর হয়নি যাতে করে তার পেটের ভেতরে কোন বায়ু থাকলে সেগুলো বেরিয়ে যায়। এমতাবস্থায় এর হুকুম কী?

### প্রিয় উত্তর

যদি অবস্থাটা এমনই যেমনটি উল্লেখ করা হয়েছে তাহলে মৃতব্যক্তিকে ফ্রিজ থেকে বের করার পর যে গোসল দেয়া হয়েছে সেটি সহিহ ও যথেষ্ট।

আল্লাহই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ বিন গাদইয়ান।

[গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (৮/৩৫৮)]

আল্লাহই সর্বজ্ঞ।